

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সমবায় একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.৩৪১.২৫.০৪২.১২-৬৬৩

তারিখ - ২৮/০৭/২০২২খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ সমবায় একাডেমির আওতাধীন ১০টি আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট এর ২০২২-২০২৩খ্রি. সনের অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে বাংলাদেশ সমবায় একাডেমির আওতাধীন ১০টি আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটের ২০২২-২০২৩খ্রি. সনের প্রশিক্ষণ বর্ষপঞ্জি নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে অনুমোদন করা হল। যা এ সঙ্গে প্রেরণ করা হল।

শর্তসমূহঃ

- ক) অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি অনুসরণ পূর্বক প্রশিক্ষণ কোর্স পরিচালনা করতে হবে।
খ) কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে কোনক্রমে অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি পরিবর্তন করে কোর্স পরিচালনা করা যাবেনা।
গ) রাজস্ব খাতের অর্থায়নে অনুষ্ঠেয় কোর্সগুলো আগে সম্পন্ন করার পর সিডিএফ এর অর্থায়নে অনুষ্ঠেয় কোর্সগুলো সম্পন্ন করতে হবে।
ঘ) ভাতা/ সম্মানী ফি/ পারিশ্রমিক পরিশোধের ক্ষেত্রে সরকারি বিধি মতে ভ্যাট/ ট্যাক্স কর্তন করতে হবে।
ঙ) অধ্যক্ষ অথবা উপাধ্যক্ষ কোর্স উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন।
চ) প্রশিক্ষকগণ পর্যায়ক্রমে কোর্স পরিচালকের দায়িত্ব পালন করবেন।
ছ) অতিথি বক্তা মনোনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের উপর দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তা মনোনয়ন করতে হবে।
জ) প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষার্থীর তালিকা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং এপিএ এর প্রমাণক হিসেবে প্রয়োজনীয় ডাটা/ তথ্য সংরক্ষণ করতে হবে।
ঝ) ক্রয় কমিটি গঠন করে সরকারি বিধি মোতাবেক সকল প্রশিক্ষণ উপকরণ ক্রয় করতে হবে। ক্রয় কমিটির আকার নিম্নরূপ হবে-
(ক) সংশ্লিষ্ট কোর্স পরিচালক আহ্বায়ক
(খ) একজন প্রশিক্ষক সদস্য
(গ) উচ্চমান সহকারী সদস্য সচিব
ঞ) প্রশিক্ষণ কোর্সের ব্যয় নির্বাহের ক্ষেত্রে পিপি আর-২০০৮ এর সংশ্লিষ্ট বিধি বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
ট) প্রশিক্ষণ কোর্সের গুণগতমান উন্নয়নের জন্য প্রচেষ্টা বৃদ্ধি করতে হবে এবং চাহিদা ভিত্তিক আইজিএ প্রশিক্ষণ জোরদার করতে হবে।

সংযুক্তঃ- ০১ (এক) প্রস্থ অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি (২০২২-২০২৩)।

(অঞ্জন কুমার সরকার)

অধ্যক্ষ

বাংলাদেশ সমবায় একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।

প্রতি,

অধ্যক্ষ,

আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট (সকল)।